# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১০১৯৩৫১/ঝালকাঠী-৫৩/ ২৮০

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২ / ০৩ নভেম্বর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন আংগারিয়া আলিম মাদ্রাসার প্রস্তাবিত গভার্নিং বডি গঠনে অনিময় সংক্রান্ত বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা দাবীদার আলহাজ্ব মোঃ ফরিদুজ্জামান তালুকদার অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

৩.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠী।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১০১৯৩৫১/ঝালকাঠী-৫৩/

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২ / ০৩ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ঝালকাঠী;
২. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর, ঝালকাঠী;
৪. সভাপতি, আংগারিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-দক্ষিণ আংগারিয়া, রাজাপুর, ঝালকাঠী;
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, আংগারিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-দক্ষিণ আংগারিয়া, রাজাপুর, ঝালকাঠী;
৬.জনাব মোঃ ফরিদুজ্জামান তালুকদার (অভিযোগকারী), গ্রাম-আংগারিয়া, ডাকঘর-দক্ষিণ আংগারিয়া, রাজাপুর, ঝালকাঠী;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৩/১১/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বরাবর

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয়ঃ ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন আংগারিয়া আলিম মাদ্রাসা EIIN-101935 এর গভর্নিং বডি গঠনে অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ এবং স্বচ্ছ কমিটি গঠনের ব্যবস্থা গ্রহনের আবেদন।**

মহোদয়

যথাযথ সম্মান পূর্বক নিবেদন। উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ জনাব মোঃ আফজাল হোসেন ইন্ডেক্সনং বি ৩৫৯০০৫ মাদ্রাসা পরিচালনায় অদক্ষ, তার অনিয়ম ও দুনীতির কারনে আজ শিক্ষার্থী শূন্য। শিক্ষকগন ইচ্ছা মতো উপস্থিত হয়ে শিক্ষক হাজিরা বহিতে স্বাক্ষর দিয়ে বরাট রাখেন। অন্য দিকে শিক্ষক ও কর্মচারীদের নামে মাসে ৬.২০.২৯২ টাকা উত্তোলন করেন, ইহাতে শিক্ষার নামে সরকারকে আর্থিক ক্ষতি করে আসছে। ইত্যাদি কারনে স্থানীয় জনগন ক্ষুব্দ হয়ে শিক্ষার্থীদের অন্যত্র স্কুল/মাদ্রাসা পাঠাচ্ছেন। স্থানীয় ও সরকারকে ফাঁকি দেয়ার জন্য পকেট কমিটি গঠনে মরিয়া। নিম্মে অনিয়ম ও দূর্নীতির ব্যাখ্যা দেয়া হলো

২. ভুয়া ছাত্র ও অভিভাবক দেখিয়ে ভোটার তালিকা সৃজন করে অতি গোপনীয়তারসাথে সংশ্লিষ্ট উপজেলা র্নিবাহী অফিসার কর্তৃক প্রিজাইডিং অফিসার নিয়োগ হাসির করেন।

৩. অভিভাবক, প্রস্তাবকারী ও সমর্থনকারীদের স্বাক্ষর জাল করে একক প্রার্থী বিবেচনায় মনোনয়ন পত্র নির্বাচন দেখিয়ে প্রিজাইডিং অফিসার কর্তৃক র্নিবাচিত ঘোষনা করিয়ে নিয়েছেন।

৪. আমি অভিযোগকারী অত্র মাদ্রাসার প্রতিষ্ঠাতা আমার বাড়িতে এসে ভ্রান্তধারনা দিয়ে মাদ্রাসার রেজুলেশন বহি সহ অন্যন্য রেকর্টপত্রে অভিযুক্ত ব্যক্তি স্বাক্ষর করিয়ে নেন। যখন শুনি প্রকৃত অভিভাবকদের বাদ দিয়ে ভুয়া অভিভাবক সাজিয়ে একটি পকেট কমিটি গঠন করে তা চুড়ান্ত অনুমোদনের জন্য মাদ্রাসা বোর্ডে পাঠিয়েছেন তা নিয়ে হৈইচৈই,হাতাহাতি ইত্যাদি ঘটনা ঘটেছে। আরো শুনতে পাই আমার সরল বিশ্বাসের সুযোগ নিয়ে উক্তো রেকর্ট পত্রের সাথে প্রতিষ্টাতা মনোনয়ন পত্রে স্বাক্ষর নিয়ে তা প্রিজাইডিং অফিসার কৃর্তক নির্বাচিত করিয়ে নিয়েছেন যা ভৌতিক।

৫. অভিযোগের সত্যতা প্রমাণিত হয়, যদি নিরপেক্ষ ভাবে মাদ্রাসা সরেজমিনে আকর্ষিক পরির্দশন এবং কমিটি গঠনের সংশ্লিষ্ট তথ্যাদি যাচাই করেন।

অতএব মহোদয়ের কাছে প্রার্থনা মাদ্রসাটির সার্বিক স্বার্থে আনিত অভিযোগ সদয় আমলে নিয়ে পরর্বতী পদক্ষেপ গ্রহনের ব্যবস্থা দানে মর্জি হয়।

তারিখঃ ১৭/০৯/২০২৫ইং।

বিনীত নিবেদক

আলহাজ্ব মোঃ ফরিদুজ্জামান তালুকদার
অত্র মাদ্রাসার পতিষ্ঠাতা
মোবাইল - ০১৭৪২৩৪৪৬৭৭


শিক্ষা
ঐক্য
প্রগতি
আংগারিয়া আলিম মাদ্‌রাসা
স্থাপিত: ১৯৫৬ খ্রি:
ডাকঘর: দক্ষিণ আংগারিয়া, উপজেলা: রাজাপুর, জেলা: ঝালকাঠি।
প্রতিষ্ঠাতা: আলহাজ্ব মোঃ ফরিদুজ্জামান তালুকদার ।